

Bengali: Easy-to-Read Version

Language: বাংলা (Bengali)

Provided by: Bible League International.

Copyright and Permission to Copy

Taken from the Bengali: Easy-to-Read Version © 2001, 2016 by Bible League International.

PDF generated on 2017-08-25 from source files dated 2017-08-25.

9c530795-7893-5768-8bb6-58791486713d

ISBN: 978-1-5313-1309-8

ফিলীমনের

প্রতি পত্র

১ পৌল, যীশু খ্রীষ্টের বন্দী এবং আমাদের ভাই তীমথিয়,
২ আমাদের পিয়র বন্ধু ও সহকর্মী ফিলীমন ও বোন আপ্লিয়া এবং আমাদের সহসেনা আর্থিপ্পা; এবং যে মণ্ডলী ফিলীমনের ঘরে উপাসনার জন্য সমবেত হন তাদের সকলের উদ্দেশ্যে এই চিঠি লিখছি।

৩ আমাদের পিতা ঈশ্বর এবং পরভূ যীশু খ্রীষ্টের অনুগ্রহ ও শক্তি, তোমাদের সহবর্তী হোক।

ফিলীমনের ভালবাসা এবং বিশ্বাস

৪ আমি যখন প্রার্থনার সময় তোমাদের মনে করি, তখন তোমাদের জন্য সর্বদা আমার ঈশ্বরকে ধন্যবাদ দিই। ৫ প্রভু যীশুর প্রতি তোমাদের বিশ্বাস ও ঈশ্বরের সমস্ত পবিত্র লোকের প্রতি তোমাদের ভালবাসার কথা আমি শুনতে পাই ও ঈশ্বরের কাছে কৃতজ্ঞতা জানাই। ৬ আমি প্রার্থনা করি আমরা যে বিশ্বাসের অংশীদার তা যেন তোমাদের খ্রীষ্টের মহত গুণগুলি বুঝতে সাহায্য করে। ৭ ভাই, ঈশ্বরের লোকদের প্রতি তোমরা যে ভালবাসা দেখিয়েছ তা তাদের নতুন শক্তির যোগান দিয়েছে, আর এতে আমি গভীর আনন্দ ও শক্তি পেয়েছি।

ওনীসিমাসকে ভাইয়ের মত গ্রহণ কর

৮ ভাই আমি খ্রীষ্টের নামে সাহসী হয়ে যা সঠিক তা করার জন্য তোমাদের আদেশ করতে পারি। ৯ কিন্তু আমি তোমাদের ভালবাসার জন্য এটা করতে অনুরোধ করবো। আমি পৌল, এখন বন্দ হয়েছি, খ্রীষ্ট যীশুর জন্য আমি বন্দী। ১০ কারণে থাকাকালীন যে ওনীসিমাসকে পুত্ররূপে পেয়েছি তার হয়ে তোমাকে আমার অনুরোধ জানাই। ১১ সে আগে তোমার উপযোগী ছিল না কিন্তু এখন তোমার ও আমার উভয়েরই উপযোগী।

১২ তাকেই আমি তোমার কাছে ফেরৎ পাঠাচ্ছি, তার সঙ্গে যেন আমার নিজের প্রাণই পাঠাচ্ছি। ১৩ আমি তাকে আমার কাছে রাখতে চেয়েছিলাম যাতে সুসমাচারের জন্য আমি কারণে থাকাকালীন সে তোমার হয়ে আমার সেবা করতে পারে। ১৪ তোমার অনুমতি না নিয়ে আমি কিছু করতে চাই নি। আমি চাই তুমি যেন বাধ্য হয়ে নয় বরং নিজের ইচ্ছানুসারেই আমার এই উপকারটুকু করতে পার।

১৫ কারণ হয়তো এই জন্মই ওনীসিমাস কিছু কালের জন্য আলাদা হয়েছিল, যেন তুমি চিরকালের জন্য তাকে পেতে পার। ১৬ এখন তাকে আর কেবলমাত্র তোমার দাসরূপে নয়, দাসের থেকে শেরয়, স্নেহের ভাইয়ের মতো ফিরে পেতে পারো। সে আমার পিয়র, কিন্তু তোমার কাছে পরভুর ভাই ও মানুষ হিসাবে সে আরো পিয়র হবে।

১৭ যদি আমাকে তোমার বন্ধু বলে মানো তবে ওনীসিমাসকে আবার গ্রহণ করো। তোমরা আমাকে যেভাবে অভ্যর্থনা জানাও ওনীসিমাসকেও সেইভাবে অভ্যর্থনা জানিও। ১৮ ওনীসিমাস যদি তোমার কোন ক্ষতি করে থাকে, বা তোমার কিছু ধারে তবে তা আমার দেনা হিসাবে ধরো। ১৯ আমি পৌল, নিজের হাতে এটা লিখলাম, আমিই শোধ করব। তুমি তোমার নিজের জীবনের জন্য যে আমার কাছে ঋণী, সে বিষয়ে আমি কিছুই বলব না। ২০ হ্যাঁ ভাই, তোমার কাছে থেকে আমি পরভুর প্রতিনিধি হিসাবে কিছু পেতে চাই। আমার হৃদয়কে খ্রীষ্টে উৎসাহিত কর। ২১ তুমি আমার অনুরোধ মানবে এই বিশ্বাসে আমি তোমাকে এই চিঠি লিখছি। তাছাড়া আমি জানি যে আমি যা বলছি তুমি তার থেকেও বেশী করবে।

২২ আবার বলি আমার থাকার জন্য ঘরও ঠিক করে রেখো; কারণ আশা করছি, ঈশ্বর তোমাদের প্রার্থনার উত্তর দেবেন এবং শিল্লির আমি তোমাদের কাছে যেতে পারব।

শেষ শুভেচ্ছা

২৩ খ্রীষ্ট যীশুতে আমার সহবন্দী ইপাফরা তোমাকে শুভেচ্ছা জানাচ্ছে। ২৪ মার্ক, আরিষ্টার্খ, দীমা এবং লুক আমার এই সহকর্মীরাও তোমাকে শুভেচ্ছা জানাচ্ছে। ২৫ পরভূ যীশু খ্রীষ্টের অনুগ্রহ তোমাদের আত্মার সহায় হোক।